# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**21 JANUARY 2025                    7:45—7:55**

---

(১) ডাভোসে অনুষ্ঠিত বিশ্ব অর্থনৈতিক মঞ্চের অধিবেশনে আসামের ১০ টি চুক্তিতে স্বাক্ষর ।

(২) কেন্দ্রীয় সরকারের ২০৩০-৩১ সাল পর্যন্ত অটল পেনশন যোজনা অব্যাহত রাখার প্রস্তাবে অনুমোদন ।

(৩) মণিপুর , ত্রিপুরা ও মেঘালয় রাজ্যের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে রাষ্ট্রপতি ,উপ-রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর ওই রাজ্যগুলির জনসাধারণের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন ।

৪) আসাম বিশ্ববিদ্যালয়ের ৩৩ তম প্রতিষ্ঠা দিবস নানা কার্যসূচীর মাধ্যমে পালন ।

এবং

(৫) ৭৯ তম সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগীতার চূড়ান্ত রাউন্ডের খেলাগুলি আজ থেকে আসামে আরম্ভ ।

---

আসাম সুইজারলেন্ডের ডাভোসে অনুষ্ঠিত বিশ্ব অর্থনৈতিক মঞ্চের অধিবেশনে ১০ টি চুক্তিতে স্বাক্ষর করেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ এক সাংবাদিক সম্মেলনে একথা জানান । তিনি বলেন যে বিগত পাঁচ বছরে চা ,কৃষি , নির্মাণ ,খনি ও খনিজ পদার্থ এবং সেবা খন্ডে ভালো প্রদর্শনের ফলে রাজ্যে উন্নায়নের হার জাতীয় পর্যায় থেকেও অধিক হয়েছে । আসাম মাত্র একটি রাজ্য নয় উত্তর-পূর্বাঞ্চলের আটটি রাজ্যের সমষ্টি বলে মূখ্যমন্ত্রী মন্তব্য করেন । সেইসঙ্গে তিনি সেমিকন্ডাক্টর খন্ডকে নতুন যুগের শিল্প বলে উল্লেখ করেন ।

এই অধিবেশনে দেশের অন্যতম প্রতিনিধি হিসেবে উপস্থিত থাকা মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এর আগে বরাহ গোষ্ঠীর মূখ্য পরিচালন আধিকারিক ইকারাজ জানজেনের সঙ্গে বিশেষ বৈঠকে মিলিত হন । বৈঠকে কার্বন ডাই অক্সাইড নিষ্কাষণ নিয়ে কাজ করা সংস্থাটির বিশেষ পদ্ধতি আসামের কৃষক সমাজকে উপকৃত করতে প্রয়োগ করার বিষয় নিয়ে আলোচনা করা হয় । গোষ্ঠীটি বায়োসার , পুনর উৎপাদনশীল কৃষি এবং বনানীকরণের মাধ্যমে একশ কোটি টন কার্বন ডাই অক্সাইড নিষ্কাষণের লক্ষ্যে কাজ করছে । রাজ্য সরকার গোষ্ঠীটিকে আসামে অন্বেষণ করতে আমন্ত্রণ জানানোর কথা চিন্তা ভাবনা করছে বলেও ড. শর্মা জানান ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহের আগামী ৩০ শে জানুয়ারী ডিব্রুগড়ের খনিকর খেলার মাঠে অনুষ্ঠেয় জনসভার প্রস্তুতির বিষয়ে আজ রাজ্যের বেশ কয়েকজন মন্ত্রী পর্যালোচনা করেন । উল্লেখ্য স্বরাষ্ট্র মন্ত্রী ওইদিন জনসভায় অংশ নিয়ে বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । আজ মন্ত্রী বিমল বরা ,প্রশান্ত ফুকন এবং পিযুষ হাজারিকা ডিব্রুগড়ে এই অনুষ্ঠানের প্রস্তুতির খোঁজ নেওয়া সহ  বিধায়কদের সঙ্গে বৈঠকে মিলিত হন । বৈঠকের পর মন্ত্রী শ্রী হাজারিকা সাংবাদিকদের জানান ----

বাইট

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার ২০৩০ - ৩১ সাল পর্যন্ত অটল পেনশন যোজনা অব্যাহত রাখার প্রস্তাবে অনুমোদন জানিয়েছে ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অধ্যক্ষতায় আজ নতুনদিল্লীতে অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকে এই সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।অসংঘটিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য বৃদ্ধ বয়সে আয় সুনিশ্চিত করার উদ্দশ্যে ২০১৫ সালের মে মাসে এই প্রকল্পের সূচনা করা হয়েছিল । এই প্রকল্পের অধীনে গ্রাহকরা ৬০ বছরের পর প্রতি মাসে একহাজার টাকা থেকে ৫ হাজার টাকা পর্যন্ত পেনশন প্রদান করা হয় । এই প্রকল্পের অধীনে এ পর্যন্ত ৮ কোটি ৬৬ লক্ষ গ্রাহক নাম পঞ্জীয়ন করেছে ।

---------------------------------------------------------------------------------

দেশের মুখ্য নির্বাচন আয়ুক্ত জ্ঞানেশ কুমার বুথ পর্যায়ের আধিকারীকদের দেশের নির্বাচনের মূল ভীত হিসেবে অভিহিত করেছেন । নতুনদিল্লীতে অনুষ্ঠিত ভারত আন্তর্জাতিক গণতন্ত্র এবং নির্বাচন ব্যবস্থাপনা সম্মেলনে ভাষণ দিয়ে শ্রী কুমার বলেন যে ভারত গণতন্ত্রের মাতৃ স্বরূপ এবং প্রত্যেক যোগ্য ভোটদাতার অন্তর্ভুক্তির মাধ্যমে নিরপেক্ষ ভোটার তালিকা প্রস্তুত করা গণতন্ত্রের সবলীকরণের জন্য অত্যন্ত জরুরী

।তিনদিন ব্যাপী আয়োজিত এই সম্মেলনে গণতান্ত্রিক ব্যবস্থা এবং নির্বাচন প্রক্রিয়ার সঙ্গে জড়িত রণকৌশল সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় । সম্মেলনে ৭০ টি দেশের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------

আজ মণিপুর , ত্রিপুরা এবং মেঘালয় রাজ্যের প্রতিষ্ঠা দিবস । ১৯৭২ সালে আজকের দিনে মণিপুর , ত্রিপুরা এবং মেঘালয় পূর্ণাঙ্গ রাজ্যের মর্যাদা লাভ করেছিল । রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি  সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্য প্রতিষ্ঠা দিবস উপলক্ষে রাজ্যগুলির জনসাধারণের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন । রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন তিনটি রাজ্যই সাংস্কৃতিক ঐতিহ্য , প্রাণবন্ত পরম্পরা এবং মনোমুগ্ধকর প্রাকৃতিক সৌন্দর্যে সমৃদ্ধ ।

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা এই দিবস উপলক্ষে তিনটি রাজ্যের জনসাধারণের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন । ডঃ শর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে তিনটি রাজ্যের সমৃদ্ধ পরম্পরা এবং উদ্যোমী জনসাধারণ উত্তরপূর্বাঞ্চলের মনোভাব সুদৃঢ় ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে  । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন দেশের উন্নয়নে রাজ্যগুলোর জনসাধারণের অভুতপূর্ব অবদান রয়েছে । তিনটি রাজ্যই ভবিষ্যতে উন্নয়নের নতুন শিখরে উপনীত হতে সমর্থ হবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

কোকরাঝার জেলার কারিগাঁওয়ের গৌরীনগরের পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে । জেলায় গত ২৪ ঘন্টায় নতুন করে কোনো হিংসাত্মক ঘটনা সংঘটিত হবার খবর পাওয়া যায়নি । মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আজ কোকরাঝার জেলা সফর করে জেলার আইন শৃঙ্খলা পরিস্থিতির পর্যালোচনা করেন । তিনি জনসাধারণকে শান্তি ও সম্প্রীতি বজায় রাখার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

গবেষক শিক্ষার্থীদের জন্য জীবন অনুপ্রেরণা প্রকল্পের সহয়তার অর্থ আগামী ১১ ফেব্রুয়ারী থেকে বিতরণ করা হবে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । তিনি বলেন যে শিক্ষার্থীদের সুষ্ঠুভাবে গবেষণা চালিয়ে রাজ্যের শিক্ষার উত্তরণে এক একজন অগ্রণী সেনানী হতে উৎসাহ প্রদানের  উদ্দেশ্যে এই প্রকল্প গ্রহণ করা হয়েছে । এই প্রকল্পের অধীনে গবেষক শিক্ষার্থীদের ২৫ হাজার টাকা করে এবং দিব্যাঙ্গ গবেষক ছাত্র ছাত্রীদের ৪০ হাজার টাকা করে প্রদান করা হবে ।

--------------------------------------------------------------------------------

আসাম বিশ্ববিদ্যালয়ের ৩৩তম প্রতিষ্ঠা দিবস আজ নানা কার্যসূচীর মধ্য দিয়ে পালন করা হয়েছে । বিশ্ববিদ্যালয়ের আচার্য্য তথা প্রাক্তন এয়ার চিফ মার্শাল অরূপ রাহা , উপাচার্য্য অধ্যাপক রাজীব মোহন পন্থ এবং প্রাক্তন সেনা প্রধান ডক্টর মনোজ মুকুন্দ নারাভানে নেতাজী মুক্ত মঞ্চ প্রাঙ্গনে পতাকা উত্তোলন করে প্রতিষ্ঠা দিবসের সূচনা করেন । পরে অতিথিদের পক্ষ থেকে ভাষা শহীদ স্মারক স্থলে শ্রদ্ধা নিবেদন করা হয়।

এ উপলক্ষ্যে আয়োজিত আলোচনায় সভায় বক্তব্য রাখতে গিয়ে আচার্য্য অরূপ রাহা তার বক্তব্যে বিকশিত ভারত-২০৪৭ এ দেশ গঠনে ছাত্র-ছাত্রীদের অংশ গ্রহনের আহ্বান জানান।

এদিকে আসাম বিশ্ববিদ্যালয়ের ২৩তম সমাবর্তন উপলক্ষ্যে তিনদিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানেরও সমাপ্ত হয়েছে ।

--------------------------------------------------------------------------------

৭৯ তম সন্তোষ ট্রফী জাতীয় ফুটবল প্রতিযোগিতার চূড়ান্ত রাউন্ডের খেলাগুলো আজ থেকে আসামে অনুষ্ঠিত হচ্ছে । চিলাপথারে অনুষ্ঠিত আজকের খেলায় আসাম /তামিলনাড়ুর কাছে ১-০ গোলে পরাজিত হয়েছে । এদিকে ঢকুয়াখানায় অনুষ্ঠিত প্রথম খেলায় রাজস্থান ৩-০ গোলে উত্তরাখন্ডকে পরাজিত করেছে । বিকেলে একই ষ্টেডিয়ামে অনুষ্ঠিত অন্য একটি খেলায় পশ্চিমবঙ্গ /নাগালেন্ডকে ৪-০ গোলে পরাজিত করেছে । চিলাপথার ষ্টেডিয়ামে আয়োজিত আজকের উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় বন্দর ,জাহাজ পরিবহন এবং জলপথ মন্ত্রী সর্বানন্দ সনোয়াল , ক্রীড়া মন্ত্রী নন্দিতা গারলোসা , আসাম ফুটবল সংস্থার সভাপতি তথা বিধায়ক নব কুমার দোলে সহ বহু বিশিষ্ট ব্যাক্তি উপস্থিত ছিলেন ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা উন্নয়ন কমিটির এক সভা আজ অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত নরসিং বে-র পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় জেলার পেট্রল পাম্পগুলিতে মিটার অনুযায়ী সঠিকভাবে পেট্রল-ডিজেল দেওয়া হচ্ছে কি না , তা নিরূপন করতে ওজন ও পরিমাপ বিভাগকে নির্দেশ দেওয়া হয়েছে । এছাড়া সভায় কাটলিছড়ার রাঙ্গাবাকে নির্মীয়মান পলিটেকনিক ভবনের কাজ আগামী মাসে শেষ হবে বলে জানানো হয়েছে ।

আজকের সভায় জেলার সব বিভাগের রূপায়ন করা প্রকল্পগুলির সমস্যা ও অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের এক নির্দেশে জেলার জামিরা গ্রাম পঞ্চায়েত সভাপতি ও ওয়ার্ড সদস্য মুস্তাক আহমেদ চৌধুরীকে গ্রাম পঞ্চায়েতের সভাপতি পদ থেকে বরখাস্ত করা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে বলা হয়েছে যে মুস্তাক আহমেদ চৌধুরীর তিনটি সন্তান থাকার কারনে সভাপতি পদ থেকে বরখাস্ত করা হয়েছে । অসম পঞ্চায়েত আইনের নির্ধারিত নিয়ম অনুযায়ী ২০১৮-সালের ১৯শে মার্চ এর পরে তৃতীয় সন্তানের জন্ম হলে সংশ্লিষ্ট জনপ্রতিনিধি পদে থাকার অযোগ্য বিবেচিত হবেন ।
উল্লেখ্য রানু বাবু দাস নামের এক ব্যাক্তি মুস্তাক আহমেদ চৌধুরীর তিন সন্তানের বিষয়ে গৌহাটী হাইকোর্টে ২০২৫ সালে একটি রিট পিটিশন দায়ের করেছিলেন ।

---------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার সাংবাদিক এবং ডিমাসা ভাষার সাপ্তাহিক পত্রিকা হাফলং খুরাং-এর স্বত্তাধিকারী শম্ভুধন ফাংলো গতকাল রাতে হাফলং-এর একটি বেসরকারী হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৩২ । সাংবাদিক শম্ভুধন ফাংলোর মৃত্যুতে ডিমা হাসাও জেলার বিভিন্ন সংস্থা-সংগঠনের পক্ষ থেকে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার বিশিষ্ট ব্যবসায়ী অমিত কুমার বারগড়িয়া গতকাল রাতে মকইভাঙ্গায় এক সড়ক দূর্ঘটনায় শেষ নিশ্বাস ত্যাগ করেন । আমাদের শ্রীভূমির সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল গভীর রাতে শিলচর থেকে শ্রীভূমি আসার পথে অমিত বারগড়িয়ার গাড়িটি মকইভাঙ্গা এলাকায় নিয়ন্ত্রন হারিয়ে একটি সেতুর নীচে পড়ে যায় । স্থানীয় লোকেরা গাড়ি ভেঙ্গে গুরুতর আহত অবস্থায় করিমগঞ্জ সিভিল হাসপাতালে প্রেরণ করলেও চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষনা করেন । অমিত কুমার বারগড়িয়ার মৃত্যুতে বিভিন্ন মহল থেকে শোক প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------